দৈনিক জনকণ্ঠ

11

তারিখ 25 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ২

## ১১ হাজার ৩৬৫ গ্রামে বিদ্যালয় নেই

# উত্তরাঞ্চলে ৯ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

**জয়পুরহাট, ২৪ জুন (নিজস্ব সংবাদদাতা)** ।- উত্তরাঞ্চলের ১১ হাজার ৩৬৫টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় না থাকায় প্রায় ৯ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

সরকারী পরিসংখ্যান থেকে জানা গেছে, জয়পুরহাটের ৫টি থানার ৯শ' ২০টি গ্রামের মধ্যে ৬২১টি, বগুড়ার ১১টি থানার ২,৭৩৮টি গ্রামের মধ্যে ১,৪৭৭টি, চাঁপাইনবাবগঞ্জ জেলার ৫টি থানার ১,০৭৫টি গ্রামের মধ্যে ৫৮৭টি, রাজশাহী জেলার ১০টি থানার ১,৯১৫টি গ্রামের মধ্যে ১,১৪৬টি, নাটোর জেলার ৬টি থানার ১৪০০ গ্রামের মধ্যে ৮৭৭টি, নওগাঁ জেলার ১১টি থানার ২,৭৫৮টি গ্রামের মধ্যে ১৭৬২টি, পাবনা জেলার ৯টি থানার ১,৫৪৯টি গ্রামের মধ্যে ৬৭৩টি, সিরাজগঞ্জ জেলার ৯টি থানার ২,০৪৫টি গ্রামের মধ্যে ৮১২টি, রংপুর জেলার ৮টি থানার ১,৫০৫টি গ্রামের মধ্যে ৬০৫টি, গাইবান্ধা জেলার ৭টি থানার ১,২৩০টি গ্রামের মধ্যে ২৪৭টি, নীলফামারী জেলার ৬টি থানার ৮২৫টি গ্রামের মধ্যে ১৯৯টি, কুড়িগ্রাম জেলার ৯টি থানার ১৯২৭টি গ্রামের মধ্যে ১১৮৫টি, লালমনিরহাট জেলার ৫টি থানার ৪৬১টি গ্রামের মধ্যে ৭৩টি, দিনাজপুর জেলার ১৩টি থানার ২,১৬৪টি গ্রামের মধ্যে ১০৩১টি, ঠাকুরগাঁও জেলার ৫টি থানার ৬৩৩টি গ্রামের মধ্যে ৮৫টি ও পঞ্চগড় জেলার ৫টি থানার ৮২৫টি গ্রামের মধ্যে ৪২১টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই।

উত্তরাঞ্চলের ১২৪টি থানার ২৩,৪৯৪টি গ্রামের ১১,৩৬৫টি গ্রামে বিদ্যালয় না থাকায় ৯ লাখ শিশু বিদ্যালয়ে যেতে পারে না। জেলা ভিত্তিতে পরিসংখ্যান থেকে জানা গেছে, জয়পুরহাট জেলায় বিদ্যালয়ে যাবার মতো বয়স হয়েছে এমন শিশু রয়েছে ১৬,৫৮৬ জন, রংপুর জেলায় ৯৯,২৯৪ জন, গাইবান্ধা জেলায় ৮৯,৮৯২ জন, নীলফামারী জেলায় ৪৬,৭৮৫ জন, কুড়িগ্রাম জেলায় ৭০,৯১০ জন, লালমনিরহাট জেলায় ৪,২২৩ জন, দিনাজপুর জেলায় ৬৫,৭৯৩ জন, ঠাকুরগাঁও জেলায় ৩০,৯০৭ জন, পঞ্চগড় জেলায় ২৬,৫৩২ জন, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ২৮,৪৪০ জন, রাজশাহী জেলায় ৪৭,২১৪ জন, নাটোর জেলায় ৪৩,৭৪৩ জন, নওগাঁ জেলায় ৬৭,৬২৯ জন, পাবনা জেলায় ৫৮,৭২৪ জন, সিরাজগঞ্জ জেলায় ৮৪,৮৭৫ জন ও বগুড়া জেলায় ৭৪,২০১ জন শিশু প্রাথমিক বিদ্যালয়ে যেতে পারছে না।